

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.৩৫.০০১.১৬-১৬৩

তারিখ : ২১ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০১৬ খ্রি.

বিষয় : বেসরকারী প্রাক-নিবন্ধন পুনরায় উন্মুক্তকরণ প্রসংগে।


সূত্র: বিজনেস অটোমেশন লি: এর ০৩.০৪.২০১৬ খ্রি. তারিখের স্মারক নং- বিএ(জিভি)হজ/পিপিও/২০৩/১৬/৭০৮৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৩.০৪.২০১৬ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৩৫৯ নম্বর স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি ও ৩১.০৩.২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে হজ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) নিশ্চয়তা প্রদান করেছে যে, “০৩.০৪.২০১৬ ইং হতে ৩০.০৫.২০১৬ ইং পর্যন্ত বেসরকারি ভাবে প্রাক নিবন্ধিতদের ২০১৬ সনের হজ প্যাকেজের সুযোগ প্রদানের জন্য কোনও এজেন্সী বা কোনও এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীর কোনও প্রকার অর্থোক্তিক দাবী/দারী পূরনে হাব কোন প্রকার চাপ প্রয়োগ করবে না।”

এ অবস্থায় অত্র মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত আইটি প্রতিষ্ঠান বিজনেস অটোমেশন লিমিটেডকে বেসরকারী প্রাক-নিবন্ধন সার্ভারটি যথাশীঘ্র কারিগরি প্রস্তুতি সম্পন্নকরণ শেষে পুনরায় সকলের জন্য উন্মুক্তকরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের অনুমতি প্রদান করা হল :

“প্রাক-নিবন্ধন সার্ভার উন্মুক্তকরণের কমপক্ষে ০৩ (তিন) ঘন্টা পূর্বে সকলের অবগতির জন্য ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।”

জনাব মো: বজলুল হক বিশ্বাস
সি ই ও, ই-সার্ভ
বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা।


(মো: শহীদুল্লাহ তালুকদার)

সহকারী সচিব (হজ-২)

মোবাইল : ০১৫৫২৪৫০৯৫৩


e-mail : morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০০৩.৩৫.০০১.১৬-

তারিখ : ২১ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০১৬ খ্রি.

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. উপ-সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।


(মো: শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)